

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২৭, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

আইনগত বিজ্ঞপ্তি

আমি নিম্ন স্বাক্ষরকারী এভারেস্ট ফার্মাসিউটিক্যালস পি এল সি, তেজগাঁও, ঢাকা, ঔষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান, ম্যানুফ্যাকচারিং লাইসেন্স নং-৩৩৬ এবং ১৭৮ তারিখ ১৮-০৮-১৯৭৩ইং এর ব্যবস্থাপনা পরিচালক। উক্ত প্রতিষ্ঠানের পূর্ববর্তী স্বত্বাধিকারীগণ বিগত ২৪-০৭-২০১৭ইং তারিখে কোম্পানি পরিচালনা পর্ষদ সভার মাধ্যমে আমাদের নিকট তাহাদের মালিকানা হস্তান্তর করে এবং তাদের পদত্যাগপত্র জমা দেন। মালিকানা হস্তান্তরের সকল কাজ যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর RJSC তে যথাসময়ে সম্পন্ন হয়। ইতোমধ্যে আমরা মূলধন বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠানটিকে প্রাইভেট লিঃ কোম্পানি হতে পাবলিক লিঃ কোম্পানিতে রূপান্তর করি। বর্তমানে কোম্পানির মালিকানা ৪ এ কে এম আনোয়ারুল হক, চেয়ারম্যান-৭,৩৭,৯৩৩টি শেয়ার, মোঃ জাকির হোসেন, ব্যবস্থাপনা পরিচালক-৭,৩৭,৯৩৩টি শেয়ার, অঞ্জন মল্লিক, পরিচালক-৭,৩৭,৯৩৩টি শেয়ার, মোহাম্মদ সাইফুল ইসলাম, পরিচালক-৬,৪৭,৫০০টি শেয়ার, মোহাম্মদ মজনু মোল্লাহ, পরিচালক-৩,৭৬,২০২টি শেয়ার, শান্তা পাল, পরিচালক-১,৬৭,৬৩০টি শেয়ার, মোঃ মাহবুবুল আলম, পরিচালক-১,০০,০০০টি শেয়ার এবং অন্যান্য ৫০ জন শেয়ার হোল্ডার ৫,১০,৬৫০টি শেয়ার। মোট ৪০,১৫,৭৮১টি শেয়ার প্রতিটি-১০০/- টাকা মূল্যে। পাবলিক কোম্পানি হওয়ার ফলে কোম্পানি আইন ১৯৯৪, নতুন ধারা ১১ক অনুযায়ী কোম্পানির নাম পরিবর্তন হয়ে এভারেস্ট ফার্মাসিউটিক্যালস পি এল সি এ রূপান্তরিত হয়। বর্তমানে কোম্পানির মালিকানা এবং নাম-পরিবর্তনের আবেদনটি ঔষুধ প্রশাসনের বরাবর ৩০-০৫-২০২৩ইং তারিখে স্মারক নং ৪৫.০৪.০০০০.০০৯.৯৫.০১৮.২৩.৩১৬ এ জমা দেওয়া হয়, যাহা ঔষুধ প্রশাসনের দপ্তরে প্রক্রিয়াধীন আছে।

মোঃ জাকির হোসেন
ব্যবস্থাপনা পরিচালক,
এভারেস্ট ফার্মাসিউটিক্যালস পি এল সি।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চামুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১১৯৩)

মূল্য : টাকা ৪০০